আজকের পত্রিকা

# উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হলেন গৌর গোবিন্দ গোস্বামী

বিজ্ঞপ্তি

প্রকাশ : ১৬ জানুয়ারি ২০২৪, ২১:০৪

Source: https://www.ajkerpatrika.com



উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হলেন গৌর গোবিন্দ গোস্বামী। ছবি: সংগৃহীত

উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন প্রফেসর গৌর গোবিন্দ গোস্বামী। আজ মঙ্গলবার তাঁর যোগদান উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটির সভাকক্ষে এক অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ইউনিভার্সিটির উপাচার্য ইয়াসমীন আরা লেখা ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন নবনিযুক্ত উপ-উপাচার্যকে। উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রপতি ও উত্তরা ইউনিভার্সিটির আচার্য গত ১১ জানুয়ারি গৌর গোবিন্দ গোস্বামীকে উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে নিয়োগ দেন।

গৌর গোবিন্দ গোস্বামীর অভ্যর্থনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য ইয়াসমীন আরা লেখা।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর লেখা বলেন, 'আজ একটি নতুন দিনের শুভ সূচনা হতে যাচ্ছে। আমরা গৌর গোবিন্দ গোস্বামীকে উত্তরা ইউনিভার্সিটির পরিবারে নতুন একজন সদস্য হিসেবে পেয়েছি। তাঁর এই যোগদান উত্তরা ইউনিভার্সিটির অগ্রযাত্রায় আরও গতি সঞ্চার করবে।'

বিশেষ অতিথির বক্তব্যে ইউনিভার্সিটির রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন বলেন, 'দীর্ঘদিন পর আমরা ইউনিভার্সিটির বাইরে থেকে একজন উপ-উপাচার্য পেলাম। আজ থেকে আমাদের নতুন যাত্রা শুরু হলো।'

ফুলেল শুভেচ্ছার পর নবনিযুক্ত উপ-উপাচার্যকে শুভেচ্ছা জানিয়ে তাঁদের প্রত্যাশার কথা তুলে ধরেন উত্তরা ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির সদস্যরা, পরীক্ষা নিয়ন্ত্রক, উপদেষ্টা, কোষাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের ডিন, চেয়ারম্যানরা।

সবশেষে নবনিযুক্ত উপ-উপাচার্য প্রফেসর গৌর গোবিন্দ গোস্বামী তাঁর সমাপনী বক্তৃতা শুরু করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা জানানোর মাধ্যমে। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রপতি ও উত্তরা ইউনিভার্সিটির আচার্যকে ধন্যবাদ জানান তাঁকে উপ-উপাচার্য নিযুক্ত করায়। একই সঙ্গে তিনি উত্তরা ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিস এবং ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা প্রফেসর আজিজুর রহমানসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

গৌর গোবিন্দ গোস্বামী নর্থ সাউথ ইউনিভার্সিটি স্কুল অফ বিজনেস অ্যান্ড ইকোনমিকসের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির স্টুডেন্টস অ্যাফেয়ার্সের পরিচালক ছিলেন। ২০০৩ সালে প্রভাষক হিসেবে যোগ দেওয়ার পর ২০১০ সালে তিনি অধ্যাপক পদে উন্নীত হন। আন্তর্জাতিক অর্থনীতিতে মার্কিন যুক্তরাষ্ট্রের উইসকনসিন-মিলওয়াকি বিশ্ববিদ্যালয় থেকে প্রফেসর মোহসেন বাহমানি-ওস্কুই তত্ত্বাবধানে প্রফেসর গৌর তাঁর পিএইচডি করেন। তাঁর একত্রিশ বছরের (১৯৯২-২০২৪) শিক্ষা, গবেষণা এবং বিভিন্ন স্তরে অ্যাকাডেমিক ও প্রশাসনিক পরিচালনার অভিজ্ঞতা রয়েছে।